()

(https://www.youtube.com/channel/UCsBqX8QguRdkawdlNbIL1dw)

(https://twitter.com/KalerKanthoNews)

(https://www.facebook.com/kalerkantho)

সোমবার । ০১ জুলাই ২০১৯। ১৭ আষাঢ় ১৪২৬। ২৭ শাওয়াল ১৪৪০

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৮তম জন্মদিন

মুহাম্মদ সামাদ

১ জুলাই, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৭ মিনিটে

Share 49



অ- অ অ+

আজ ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৯৮তম জন্মদিন, ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস। এবারের প্রতিপাদ্য ‘গুণগত শিক্ষা, প্রতিবন্ধকতা ও উত্তরণ’। নানা আয়োজনে পালিত হচ্ছে দিনটি। ক্যাম্পাস সাজবে বর্ণিল সাজে। বিশ্ববিদ্যালয়ের প্রবেশ দ্বারে দ্বারে নির্মিত হবে তোরণ। নানা রঙের পতাকা ও ফেস্টুনে শোভিত হবে প্রাঙ্গণ ও ভবনগুলো। সকাল সাড়ে ১০টায় মল চত্বরে জমায়েত হয়ে বিশ্ববিদ্যালয় ও হলগুলোর পতাকা উত্তোলন শেষে শোভাযাত্রা করে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবার সমবেত হবে টিএসসিতে। এবারের প্রতিপাদ্য নিয়ে সকাল ১১টায় আলোচনাসভায় উপাচার্যের সভাপতিত্বে প্রতিপাদ্য বিষয়ে মূল বক্তব্য দেবেন ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরী। শিশুদের জন্য থাকবে চিত্রাঙ্কন প্রতিযোগিতা। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারে দিনব্যাপী পাণ্ডুলিপি প্রদর্শনী উন্মুক্ত থাকবে বর্তমান শিক্ষার্থী ও সব সাবেকের জন্য।

বাংলাদেশের সর্বপ্রাচীন ও সর্ববৃহৎ এই বিশ্ববিদ্যালয় শতবর্ষপূর্তির শুভলগ্নে উপনীত। শতাব্দীপ্রাচীন এই বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠার প্রক্রিয়া শুরু হয় বিশ শতকের দ্বিতীয় দশকে। ১৯১২ সালের ফেব্রুয়ারিতে ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রতিশ্রুতি দেন তৎকালীন ব্রিটিশ ভারতের ভাইসরয় লর্ড হার্ডিঞ্জ। যাঁরা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আবেদন জানিয়েছিলেন তাঁদের মধ্যে ঢাকার নবাব স্যার সলিমুল্লাহ, ধনবাড়ীর নবাব সৈয়দ নওয়াব আলী চৌধুরী, শেরেবাংলা এ কে ফজলুল হক প্রমুখ অগ্রগণ্য। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেওয়ার লক্ষ্যে ব্যারিস্টার রবার্ট নাথানের নেতৃত্বে একটি শক্তিশালী কমিটি গঠিত হয়। ১৯১৩ সালে আত্মপ্রকাশ করে নাথান কমিটির রিপোর্ট এবং সে বছরই ডিসেম্বর মাসে তা অনুমোদিত হয়। অতঃপর ১৯১৭ সালে গঠিত স্যাডলার কমিশনের চূড়ান্ত প্রস্তাবে ১৯২০ সালের ১৩ মার্চ ভারতীয় আইনসভায় ‘দি ঢাকা ইউনিভার্সিটি অ্যাক্ট (অ্যাক্ট নং-১৩) ১৯২০’ পাস হয়।

উল্লেখ্য, বায়ান্নর ভাষা আন্দোলন থেকে শুরু করে সব গণ-আন্দোলন ও সংগ্রামে দেশের এই প্রধান বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের কঠোর নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে আইয়ুব সরকার ১৯৬১ সালে কুখ্যাত অর্ডিন্যান্স জারি করে। এই অর্ডিন্যান্স বাতিলের জন্য ষাটের দশক থেকে শিক্ষকরা আন্দোলন করেন। তাঁদের দাবির পরিপ্রেক্ষিতে স্বাধীনতার পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরকার নিবর্তনমূলক সেই অর্ডিন্যান্স বাতিল করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আদেশ-১৯৭৩ জারি করে। ফলে এই বিশ্ববিদ্যালয় একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করে এবং পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে গণতান্ত্রিক রীতি প্রতিষ্ঠিত হয় এবং সমাজে মুক্তবুদ্ধিচর্চার দিগন্ত উন্মোচিত হয়।

শিক্ষার্থীদের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের দ্বার উন্মুক্ত হয় ১৯২১ সালের ১ জুলাই। শুরুতে কলা, বিজ্ঞান ও আইন অনুষদের অন্তর্ভুক্ত বিভাগগুলো ছিল সংস্কৃত ও বাংলা, ইংরেজি, শিক্ষা, ইতিহাস, আরবি, ইসলামিক স্টাডিজ, ফারসি ও উর্দু, দর্শন, অর্থনীতি ও রাজনীতি, পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও আইন। প্রথম শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা ছিল ৮৭৭ জন এবং শিক্ষক সংখ্যা ছিল মাত্র ৬০ জন। বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৩টি অনুষদ, ১২টি ইনস্টিটিউট, ৮৪টি বিভাগ, ৫৪টি গবেষণাকেন্দ্র, ১২৩টি উপাদানকল্প কলেজ ও ইনস্টিটিউট রয়েছে। এ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা এখন প্রায় ৪০ হাজার। আর পাঠদান ও গবেষণায় নিয়োজিত রয়েছেন প্রায় দুই হাজার শিক্ষক।

এ দেশের মুক্তবুদ্ধিচর্চার প্রাণকেন্দ্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নিবিড়ভাবে যুক্ত রয়েছে বাঙালি জাতি ও বাংলাদেশ রাষ্ট্রের জন্মের ইতিহাস। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরাই মাতৃভাষার মর্যাদা রক্ষার সংগ্রামে নেতৃত্ব দিয়েছেন, বুকের তাজা রক্ত রাজপথে ঢেলে দিয়েছেন, অসীম সাহসিকতায় ঝাঁপিয়ে পড়েছেন সশস্ত্র মুক্তিযুদ্ধে ও স্বাধীনতার সংগ্রামে; রাজনৈতিক-অর্থনৈতিক-সামাজিক মুক্তির লক্ষ্যে সব বুদ্ধিবৃত্তিক ও গণতান্ত্রিক আন্দোলনে তাঁরা সদা সক্রিয় রয়েছেন। এখানেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বকীয়তা ও স্বাতন্ত্র্য। এভাবেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের একদিকে পূর্ব বাংলার জনসমাজের জাতিসত্তার বিকাশে অসাম্প্রদায়িক বুদ্ধিবৃত্তিচর্চার অবাধ সুযোগ ও গতিপথ নির্ধারণ করে দিয়েছে; অন্যদিকে ভাষা আন্দোলনের পথ ধরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাঙালির হাজার বছরের পরাধীন মাতৃভূমিকে স্বাধীন সার্বভৌম দেশে রূপদানে অনন্য অবদান রেখেছে। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম, পাকিস্তানি হানাদার বাহিনীর ২৫ মার্চের কালরাতের নির্মম হত্যাযজ্ঞ এবং মহান মুক্তিযুদ্ধে এই বিশ্ববিদ্যালয়ের যতসংখ্যক শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী এবং ছাত্র-ছাত্রী শহীদ হয়েছেন পৃথিবীর ইতিহাসে তার নজির নেই। তাই প্রধান বিদ্যাপীঠ হিসেবে দেশের সব সাংস্কৃতিক, সামাজিক ও রাজনৈতিক ঐতিহ্যের লালনকারী প্রতিষ্ঠানরূপে ঢাকা বিশ্ববিদ্যালয় আপন মহিমায় সমুজ্জ্বল।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিগত প্রায় ১০০ বছরে নিঃসন্দেহে বহু ভালো গবেষণা, উদ্ভাবন ও সৃষ্টিশীল কাজ হয়েছে। এ ক্ষেত্রে বিশ্বখ্যাত বিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসু, ড. মুহম্মদ শহীদুল্লাহ, দার্শনিক জি সি দেব, এফ সি টার্নার, ডাব্লিউ জেনকিন্স, রমেশ চন্দ্র মজুমদার, হরপ্রসাদ শাস্ত্রী, রাষ্ট্রবিজ্ঞানী আবদুর রাজ্জাক, ড. আহমদ শরীফ, সরদার ফজলুল করিম, কবি শামসুর রাহমান, সৈয়দ শামসুল হক, ড. আনিসুজ্জামান, ড. সিরাজুল ইসলাম চৌধুরী, ড. হাসিনা খানমসহ অনেক অসামান্য গবেষক-পণ্ডিত ও কবি-লেখকের নাম আমরা উল্লেখ করতে পারি। তবু আমাদের

()
(https://www.youtube.com/channel/UCsBqX8QguRdkawdINbILfdw)
(https://twitter.com/KalerKanthoNews)
(https://www.facebook.com/kalerkantho)

আত্মতুষ্টির সুযোগ নেই। গবেষণা ও র‍্যাংকিং নিয়ে আমাদের নতুন করে ভাবতে হচ্ছে। এই কথা অস্বীকার করার উপায় নেই যে আমাদের বার্ষিক বাজেটে গবেষণা খাতে অর্থ বরাদ্দ কম। যেমন–চীনা কম্পানি হুয়াওয়ে ২০১৮ সালে নিজেদের উদ্ভাবনে ব্যয় করেছে এক লাখ ২৯ হাজার কোটি টাকা–বাংলাদেশের মোট শিক্ষা বাজেটের দ্বিগুণ। এত বড় জনসংখ্যার বাংলাদেশ ও বিশ্বের চাহিদার নিরিখে নতুন গবেষণা প্রকল্পে তহবিল জোগানে সরকার ও বহু আন্তর্জাতিক সংস্থার আগ্রহ আছে। আশার কথা, এ বিষয়ে আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর নিরন্তর তাগিদ রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রযুক্তিভিত্তিক নতুন নতুন বিভাগ যেমন–রোবটিকস অ্যান্ড মেকাট্রোনিকস ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং বিভাগে নতুন গবেষণার সুযোগ সৃষ্টি হচ্ছে। গবেষণার ক্ষেত্রে আরো আশার খবর হচ্ছে–ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য এই বছর থেকে বঙ্গবন্ধু ওভারসিজ স্কলারশিপ চালু হয়েছে। এই স্কলারশিপের আওতায় আমাদের শিক্ষকরা বিশ্বের খ্যাতনামা বিশ্ববিদ্যালয়গুলোতে উচ্চশিক্ষা ও গবেষণার সুযোগ পাবেন। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গবেষণার মান বাড়বে এবং দেশের উন্নয়নে তা কাজে লাগবে। উল্লেখ্য, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অর্থাৎ মুজিববর্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নে আকৃষ্ট করার লক্ষ্যে 'বঙ্গবন্ধু স্কলারশিপ ফর ফরেন স্টুডেন্টস'-এর আওতায় ১০ জন বিদেশি শিক্ষার্থীকে বৃত্তি প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে।

()
(https://www.youtube.com/channel/UCsBqX8QguRdkawdlNbiL1dw)
(https://twitter.com/KalerKanthoNews)
(https://www.facebook.com/kalerkantho)

প্রসংগত, বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ব্যবস্থাপনা নিয়ে একটা কথা বলতে চাই। শতবর্ষপূর্তি উদ্‌যাপনের প্রাক্কালে আমার প্রিয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলরের দায়িত্ব পালন পরম সৌভাগ্যের। এই শুভলগ্নে আমাকে দায়িত্বপালনের দুর্লভ সুযোগ করে দেওয়ার জন্য আমি বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি অ্যাডভোকেট মো. আবদুল হামিদ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার প্রতি অশেষ কৃতজ্ঞতা জানাই। বাংলাদেশসহ সব দেশেই বিশ্ববিদ্যালয় প্রশাসন উপাচার্যকেন্দ্রিক। বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ অনুসারে দেশের চারটি যথা ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের অবারিত মত প্রকাশের স্বাধীনতা দেওয়া হয়েছে। অন্যদিকে উপাচার্যের ক্ষমতা সীমাহীন আর প্রো-ভাইস চ্যান্সেলরসহ অন্য পদগুলো কম গুরুত্বপূর্ণ। সে ক্ষেত্রে উপাচার্য বিদ্যায়, বিনয়ে, প্রজ্ঞায় ও নেতৃত্বে স্বপ্নবান এবং টিমওয়ার্কে বিশ্বাসী হলে সিনেট, সিন্ডিকেট, একাডেমিক পরিষদসহ সামগ্রিকভাবে বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় প্রো-ভাইস চ্যান্সেলরদের সহযোগী ভূমিকা কার্যকর ও ফলপ্রসূ হবে।

সর্বোপরি একুশ শতকের চ্যালেঞ্জকে সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয় এগিয়ে চলেছে। বিজ্ঞান ও প্রযুক্তিতে সমৃদ্ধ হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্নাতকরা সমাজের মেধাবী শিক্ষার্থীদের বিজ্ঞানভিত্তিক, উদার ও মানবিক গুণসম্পন্ন দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে অঙ্গীকারবদ্ধ। বাংলাদেশকে উন্নয়নশীল দেশ থেকে মধ্য আয়ের দেশে এবং অদূর ভবিষ্যতে উন্নত দেশে রূপান্তরের পথে ঢাকা বিশ্ববিদ্যালয় অগ্রণী ভূমিকা পালন করবে বলে আমার দৃঢ় বিশ্বাস।

**লেখক :** প্রো-ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়

লেখাটি ইউনিকোড থেকে বাংলা বিজয় ফন্টে কনভার্ট করা যাবে কালের কণ্ঠ Bangla Converter দিয়ে
(https://www.kalerkantho.com/converter)

মন্তব্য

**0 Comments** Sort by Newest

() (https://www.youtube.com/channel/UCsBqX8QguRdkawdlNbIL1dw)


Add a comment...

(https://twitter.com/KalerKanthoNews)


Facebook Comments Plugin

(https://www.facebook.com/kalerkantho)

Like Share 49 টুইট


পিসিতে মোবাইল গেম খেলুন
বিজ্ঞাপন Tencent Game Buddy


এবার পামেলার কস্টিউমে বেওয়াচে হাঁটবেন প্রিয়াঙ্কা!
kalerkantho.com


দুই কোটি টাকা করে নেওয়ার তথ্য আছে
kalerkantho.com


অবসরের বয়স বাড়ানোর আজ
kalerkantho.com


ভারত মহান, দেশটির বাংলাদেশ বা পাকিস্তানের মতো...
kalerkantho.com



'আমি সিরাজুল আলম খান : একটি রাজনৈতিক...
kalerkantho.com


পাতাল দিয়েও ছুটবে ট্রেন
kalerkantho.com


দেড় বছরে হয়ে যাবে বড় শহরও
kalerkantho.com

অনলাইন সর্বাধিক পঠিত অনলাইন সর্বশেষ



ম্যাচ শেষে যা বললেন সৌরভ গাঙ্গুলী (./online/sport/2019/07/01/786096/ম্যাচ-শেষে-যা-বললেন-সৌরভ-গাঙ্গুলী)

ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
You May Like

(http://www.viralxfiles.com/20-of-the-worlds-scariest-bridges/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=092_VXF_Bridges_t4_all&utm_content=86250957)

## The World's Scariest Bridges

**Viral X Files**

(http://www.viralxfiles.com/20-of-the-worlds-scariest-bridges/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=092_VXF_Bridges_t4_all&utm_content=86250957)
(https://squaremile.com/gear/best-british-cars-this-year/?utm_source=taboola&utm_medium=referral)

## Best British Cars of 2016

**Square Mile**

(https://squaremile.com/gear/best-british-cars-this-year/?utm_source=taboola&utm_medium=referral)
(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830905&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)

## 20 Unbelievable Hotels You Won't Believe Actually Exist!

**Trip Minutes**

(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830905&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)
(http://ezzin.com/the-4-sisters-took-photos-every-year-for-40-years-you-wont-believe-what-happened-to-them/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=239010026&utm_medium=referral&utm_campaign=4sister-low-ezz)

## The 4 Sisters Took Photos Every Year For 40 Years, You Won't Believe What Happened To Them

**ezzin.com**

(http://ezzin.com/the-4-sisters-took-photos-every-year-for-40-years-you-wont-believe-what-happened-to-them/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=239010026&utm_medium=referral&utm_campaign=4sister-low-ezz)
(http://a-great-flights.zone?sub_id=taboola_306094_System1_FlightPrice_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=flight+price+from+{{city}}+to+new+york&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

## Flight Price from Kahalu to New York Might Surprise You

**Flight Prices | Search Ads**

(http://a-great-flights.zone?sub_id=taboola_306094_System1_FlightPrice_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=flight+price+from+{{city}}+to+new+york&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(http://a-great-sghairtransplant.fyi?sub_id=taboola_3050513_System1_HairTransplant_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=hair+transplant+cost+Singapore&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

## See How Much a Hair Transplant Can Cost in Singapore

**Hair Transplant | Search Ads**

(http://a-great-sghairtransplant.fyi?sub_id=taboola_3050513_System1_HairTransplant_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=hair+transplant+cost+Singapore&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(https://www.topexpensive.com/25-most-expensive-dog-breeds-in-the-world/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240252899&utm_medium=referral&utm_campaign=DogBreeds-WW-DTM-TEX-TB)

## 25 Most Expensive Dogs in the World That Are Incredibly Charming

**Topexpensive.com**

(https://www.topexpensive.com/25-most-expensive-dog-breeds-in-the-world/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240252899&utm_medium=referral&utm_campaign=DogBreeds-WW-DTM-TEX-TB)
(http://a-great-in-onlinedating.fyi?sub_id=taboola_306302_System1_DatingSites3_Mobile_ALL_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=dating+sites&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

**Online Dating Might Be More Fun That You Think**

**Dating Site | Search Ads**

(http://a-great-in-onlinedating.fyi?sub_id=taboola_306302_System1_DatingSites3_Mobile_ALL_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=dating+sites&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)



সম্পাদক : ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com